



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়, সপুরা, রাজশাহী
www.bscic.rajshahidiv.gov.bd

স্মারক নং-৩৬.০২.৮১০০.০০১.১৬.০২৪.২২/৭৬১(৩)

তারিখঃ- ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯
১৭ মে ২০২২

বিষয়: ১০০ দিনের কর্মসূচি উপলক্ষে কার্যক্রম/কর্মসূচি গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: বিসিক প্রধান কার্যালয়ের স্মারক নম্বর- ৩৬.০২.০০০০.০২১.৯৯.০০১.২২/৫৯(৩৮), তারিখ: ১৬-০৫-২০২২ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বিসিক আঞ্চলিক কার্যালয়, রাজশাহী-এর ১০০ দিনের কর্মসূচি উপলক্ষে গৃহীত কার্যক্রম/কর্মসূচি নির্ধারিত ছকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

চেয়ারম্যান
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: মহাব্যবস্থাপক (ব্যতপ)
এমআইএস বিভাগ
বিসিক প্রধান কার্যালয়,
ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। পরিচালক (দক্ষতা ও প্রযুক্তি), বিসিক, ঢাকা।


17-05-22
(মো: রেজাউল আলম সরকার)
আঞ্চলিক পরিচালক (উপসচিব)
বিসিক, রাজশাহী।
ফোন-৭৬১১২২
ই-মেইল-rdrajshahi@bscic.gov.bd

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়, সপুরা, রাজশাহী।

ছক-১

ক্র. নং	কর্মসূচি/কার্যক্রমের নাম	সময়ভিত্তিক কর্মপরিকল্পনা (প্রয়োজনে Gantt Chart)	লক্ষ্য অর্জনের সময়সীমা
০১	রাজশাহী অঞ্চলের আওতাধীন শিল্পনগরীসমূহের মোট খালি প্লটের কমপক্ষে ৫০% প্লট বরাদ্দ প্রদান। (বি.দ্র. বর্তমানে ১৬টি প্লট খালি রয়েছে)	মেয়াদঃ ৯৭ দিন (১৭/০৫/২০২২- ২৩/০৮/২০২২) ক) রাজশাহী অঞ্চলের সংশ্লিষ্ট ০৩টি বিসিক জেলা কার্যালয় প্রধানকে নির্দেশনা প্রদান। খ) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান গ) প্লট বরাদ্দ প্রদানের নিমিত্ত আবেদনপত্র যাচাই বাছাই ঘ) প্লট বরাদ্দ কমিটির সভা আয়োজন ঙ) প্লট বরাদ্দ প্রদান পত্র ইস্যু করণ ও আনুষঙ্গিক কার্যাদি সম্পাদন।	২৫/০৫/২০২২ ২৮/০৫/২০২২ ০২/০৬/২০২২ ০১/০৮/২০২২ ২৩/০৮/২০২২
০২	রাজশাহী অঞ্চলের আওতাধীন রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্যে কমপক্ষে ৩০% শিল্প প্রতিষ্ঠান চালুকরণ। (বি.দ্র. বর্তমানে ৬৭টি শিল্প প্রতিষ্ঠান রুগ্ন অবস্থায় রয়েছে)	মেয়াদঃ ৯৭ দিন (১৭/০৫/২০২২- ২৩/০৮/২০২২) ক) রাজশাহী অঞ্চলের ১৬ টি বিসিক জেলা কার্যালয় প্রধানকে নির্দেশনা প্রদান। খ) শিল্পকারখানা রুগ্ন হওয়ার কারণ ও কিভাবে কারখানা চালু করা যায় (Diagnosis of Sick Industries) এরূপ বিষয়ে Study Report প্রণয়ন করা এবং সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ। গ) সংশ্লিষ্ট শিল্প উদ্যোক্তাদের সাথে এবং প্রয়োজনে ব্যাংক, বিসিক ও উদ্যোক্তা সমন্বয়ে সভা আয়োজন ঘ) রুগ্ন শিল্প চালুকরণের জন্য রুগ্ন শিল্প মালিককে বিসিকের তরফ হতে প্রয়োজনে কারিগরি ও আনুষঙ্গিক সহায়তা প্রদান।	২৫/০৫/২০২২ ০২/০৭/২০২২ ১২/০৭/২০২২ ২৩/০৮/২০২২
০৩	রাজশাহী অঞ্চলের আওতাধীন শিল্পনগরীসমূহের সার্ভিস চার্জ, ভূমি উন্নয়ন কর, পানির বিল ইত্যাদি আদায়ের হার শতভাগে উন্নীতকরণ।	মেয়াদঃ ৪৪ দিন (১৭/০৫/২০২২- ৩০/০৬/২০২২) ক) রাজশাহী অঞ্চলের ১৬ টি বিসিক জেলা কার্যালয় প্রধানকে নির্দেশনা প্রদান। খ) শিল্পনগরীসমূহে সার্ভিস চার্জ, ভূমি উন্নয়ন কর, পানির বিল ইত্যাদি আদায়ের ব্যবস্থা গ্রহণ ও আনুষঙ্গিক কার্যাদি সম্পাদন।	২৫/০৫/২০২২ ৩০/০৬/২০২২
০৪	জাতীয় শুদ্ধাচার কৌশল সঠিকভাবে বাস্তবায়ন ও উত্তম নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে রাজশাহী অঞ্চলের আওতাধীন বিসিক কার্যালয়সমূহের জনবলকে দক্ষ মানব সম্পদে রূপান্তরের জন্য বিশেষ প্রশিক্ষণ আয়োজন।	মেয়াদঃ ৯৯ দিন (১২/০৫/২০২২- ২৩/০৮/২০২২) ক) রাজশাহী অঞ্চলের আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ, ১৬ টি জেলার বিসিক জেলা কার্যালয় প্রধানগণ, শিল্পনগরী কর্মকর্তাগণ ও তাঁদের নিয়ন্ত্রণাধীন ৯ম গ্রেড ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিয়ে “জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অফিস ব্যবস্থাপনা” বিষয়ক বিশেষ প্রশিক্ষণ আয়োজন। খ) রাজশাহী অঞ্চলের ১৬ টি জেলার বিসিক জেলা কার্যালয় প্রধানগণ শিল্পনগরী কর্মকর্তাগণসহ তাঁদের আওতাধীন কর্মচারীদের নিয়ে প্রতি সপ্তাহে ০১ দিন ৩০/৪০ মিনিটের একটি Self-Development Session (আত্ম-উন্নয়ন সেশন) পরিচালনা করবেন। উক্ত সেশনে জাতীয় শুদ্ধাচার কৌশল, ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা, কর্মকর্তা কর্মচারীর শিষ্টাচার, নৈতিকতা, অনুপ্রেরণামূলক বই থেকে পাঠচক্র, English Speaking এবং বিভিন্ন জাতীয় দিবসের উপর উন্মুক্ত আলোচনার মাধ্যমে দক্ষতা অর্জন হবে।	২৫/০৫/২০২২ ২৩/০৮/২০২২
০৫	রাজশাহী অঞ্চলের আওতাধীন বিসিক জেলা কার্যালয়, শিল্পনগরী কার্যালয় চত্বরে কমপক্ষে ১০০০ টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ।	মেয়াদঃ ৯৭ দিন (১৭/০৫/২০২২- ২৩/০৮/২০২২) ক) রাজশাহী অঞ্চলের ১৬ টি বিসিক জেলা কার্যালয় প্রধানকে নির্দেশনা প্রদান। খ) চারা সংগ্রহ গ) স্থান নির্বাচন, চারা রোপণ ও পরিচর্যা ইত্যাদি।	২৫/০৫/২০২২ ০৭/০৬/২০২২ ২৩/০৮/২০২২


১৭/০৫/২২
মুহোব্বত চন্দ্র সেন
নির্বাহক
আঞ্চলিক কার্যালয়, বিসিক, রাজশাহী


১৭/০৫/২২
মোঃ রেজাউল আলম সরকার
আঞ্চলিক পরিচালক (উপসচিব)
আঞ্চলিক কার্যালয়, বিসিক, রাজশাহী